# Transformation of Sentence

# Simple, Complex এবং Compound Sentence এর পরিবর্তন

## গঠন অনুসারে Sentence তিন প্রকার।

যথা:

1. Simple sentence. (সরল বাক্য)
2. Complex sentence. (জটিল বাক্য)
3. Compound sentence. যৌগিক বাক্য)

## Simple-Complex-Compound সম্পর্কে জানার আগে তিনটি Topics জানা জরুরি

1. Clause সম্পর্কে জ্ঞান থাকতে হবে।
2. Finite verb ও nonfinite verb সম্পর্কে জ্ঞান থাকা জরুরি।
3. কিছু Connector/linking word সম্মন্ধে জানা (যা মুখস্ত রাখতে হবে)।

## Finite Verb

1. Finite verb এর সংজ্ঞা: যে verb দেখে tense চেনা যায় অথবা যে tense পরিবর্তনের সাথে সাথে verb এর রুপের পরিবর্তন হয়, তাকে Finite verb বলে।
2. Finite verb সর্বদায় Sub এর নিকটবর্তী হবে।
3. Finite verb এর form ($V_1$-$V_2$-$V_3$) এভাবে থাকবে।

Note: Finite verb সম্পর্কে বিস্তারিত verb অংশে ব্যাখ্যাসহ উদাহরণ আলোচনা করা আছে।

## Simple, Complex, Compound পরিবর্তন সম্মন্ধে গুরুত্বপূর্ণ কিছু কথা

1. To be verb + ing যুক্ত থাকলে = being হয়। যথা: am + ing, is + ing, are + ing, was + ing, were + ing = being হয়।
2. To have verb + ing যুক্ত থাকলে = having হয়। Have + ing, has + ing, Had + ing = having হয়।
3. “And” but এর আগে ও পরে সমজাতীয় sub/verb হলে পরে উক্ত sub/verb আর দ্বিতীয় বার বসে না।
4. শুধু Because of নয় যে কোন phrase এর সাথে “of” থাকলে possessive + verb + ing যুক্ত হয়।
5. Too .......... to থাকলে বাক্যের অর্থ Negative হয়।

## Simple sentence/সরল বাক্য

Simple sentence: যে Sentence এ একটি মাত্র Subject এবং একটি মাত্র finite veab (সমাপিকা ক্রিয়া) থাকে, তাকে Simple sentence বলে।

Example:

1. **<u>He</u> <u>came</u>** here by bus. (তিনি বাসে এখানে এসেছেন।)

ব্যাখ্যা: এখানে “He” একটি মাত্র Sub ও “came” একটি মাত্র Finite verb তাই নিসন্দেহে বলা যায় যে এটি একটি simple sentence

2. **<u>He</u> <u>sings</u>** a song. (সে একটি গান গায়।)

ব্যাখ্যা: এখানে “He” একটি মাত্র Sub ও “sings” একটি মাত্র Finite verb তাই নিসন্দেহে বলা যায় যে এটি একটি simple sentence

Note: এ ছাড়া Simple sentence, Inspite of, Because of, Being ইত্যাদির সাহায্যে গঠিত হয়।

Hafiz Sir-01926265708

## Simple sentence-কে এভাবে শিখলে ভালো মনে থাকবে

⇒ Simple sentence এমন একটি sentence, যা শুধু মাত্র একটি Independent clause নিয়ে গঠিত।

Example:

1. I **wish** him to be a teacher. (আমি চাই সে শিক্ষক হোক।)

2. Reaching school, I **found** no body. (স্কুলে পৌছে, আমি কাউকে পেলাম না।)

3. He **sings** a song. (সে একটি গান গায়।)

4. We **saw** a little boy dancing on the stage. (আমরা ছোট বালকটিকে মঞ্চে নাচতে দেখেছিলাম।)

ব্যাখ্যা: উপরের ৪ টি sentence-এ যথাক্রমে (wish, found, sings, saw) এরা হলো finite verb এবং প্রতিটি sentence এ একটি করে sub আছে। অতএব বলা যায় যে, উপরের Sentence গুলো simple sentence.

## Complex Sentence/জটিল বাক্য

Complex sentence: যে Sentence এ একটি মাত্র principal clause এবং এক বা একাধিক sub-ordinate clause থাকে, তাকে Complex sentence বলে। Complex sentence এ Sub-ordinate clause টি সাধারণত sub-ordinating conjunction দ্বারা যুক্ত থাকে।

Note: Complex Sentence এ কিছু Connector বা conjunction আছে যা দেখে সহজেই চেনা যাবে।

## একনজরে Complex sentence এর connector গুলো মুখস্ত রাখুন

(Though, although, till, until, before, which, what, when, who, whom, after, unless, since, if, as, because, that) ইত্যাদি দ্বারা শুরু হয়।

Example:

1. **If you say**, I will respond. (যদি তুমি বলো, আমি সাড়া দিবো।)

2. Wait here **until help comes**. (সাহায্য না আসা পর্যন্ত এখানে অপেক্ষা কর।)

3. **As you were ill,** you could not go there. (যেহেতু তুমি অসুস্থ ছিলে, তুমি সেখানে যেতে পারনি।)

4. I know **what you want to say**. (আমি জানি তুমি কি বলতে চাও।)

ব্যাখ্যা: উপরের Sentence গুলোতে দুটি করে clause রয়েছে। একটি principal/main clause বা independent clause) এবং অন্যটি sub-ordinate clause বা dependent clause.

## **Complex Sentence** কে এভাবে মনে রাখুন

Complex Sentence এ একটি Independent clause এবং কমপক্ষে একটি Dependent clause থাকে।

**Shortcut Structure:** Independent clause + Dependent clause = Complex Sentence.

Hafiz Sir-01926265708

N:B: Clause এবং phrase এর মধ্যে প্রধান পার্থক্য হচ্ছে-একটি clause এ একটি verb থাকে আর একটি phrase এ কোন verb থাকেনা।

# Compound sentence. যৌগিক বাক্য)

**Compound sentence:** যে sentence এ দু ইবা ততোধিক Principal clause থাকে এবং clause গুলো co-ordinating conjunctions (for, And, Not, So, But, Or, Yet) **মনে রাখার কৌশল:** (FANS BOY) =দ্বারা যুক্ত থাকে, তাকে Compound sentence বলে। co-ording conjunction গুলো “FANS BOYS” শব্দ দ্বারা মনে রাখা সহজ।

## Co-ordinate conjunction মনে রাখার কৌশল

“FANS BOYS” = (for, And, Not, So, But, Or, Yet)

**Example:**

1. He is poor **but** he is honest. (সে গরিব কিন্তু সৎ।)

2. Do **or** die. (করো নতুবা মরো।)

3. I got a GPA of 4 **and** she got a GAP of 3. (আমি জিপিএ ৪.০০ পেয়েছিলাম এবং সে পেয়েছিলাম জিপিএ ৩.০০।)

**ব্যাখ্যা:** উপরের Sentence গুলোতে co-ordinate conjunction (but, or, and) দ্বারা দুই পাশে দুটি main clause কে যুক্ত করা হয়েছে। তাই এগুলো compound sentence.

# Compound Sentence কে এভাবে চিনুন

⇒ একটি Compound sentence এ অন্তত দুটি independent clause নিয়ে গঠিত একটি বাক্য।

# Compound Sentence এর শর্টকাট পদ্ধতি

Independent clause + for/and/not/but/or/yet/so + Independent clause = Compound Sentence.

## ছকের মাধ্যমে Simple, Complex, Compound চেনার বা শেখার অভিনব কৌশল

| **Simple** | **Complex** | **Compound** |
|---|---|---|
| 1. Sub থাকবে = ১ টি<br>2. Finite verb থাকবে = ১ টি<br>3. Clause থাকবে = ১ টি (independent clause)<br><br>Example: I hate the lazy.<br><br>**ব্যাখ্যা:** এখানে Sub ১ টি “I” Finite verb ১ টি “hate” Clause ১ টি “Thy lazy” (Independent clause) | 1. Sub থাকবে = ২ টি।<br>2. Finite verb থাকবে = ২ টি।<br>3. Clause থাকবে = ২ টি। (Independent clause & dependent clause)<br><br>Exm: If she loves me, I may marry her.<br><br>**ব্যাখ্যা:** এখানে দুটি Sub “She & I” আর দুটি finite verb আছে “loves and marry” আর clause হলো দুটি কমা এর আগের টি independent | 1. Sub থাকবে = ২ টি।<br>2. Finite verb থাকবে = ২ টি।<br>3. Clause থাকবে = ২ টি। অর্থাৎ, দুটিই independent clause হবে।<br>Example:<br>He is honest, and we love him.<br><br>**ব্যাখ্যা:** একানে Sub দুটি “he & we” Finite verb দুটি “is & love” ও দুটি independent clause কমার আগের ও পরের টি। |

| | | |
|---|---|---|
| | clause আর পরের টি dependent clause. | |

## জেনে রাখা দরকার

**Clause:** Clause হলো বাক্যের একটি অংশ যার একটি Subject ও একটি verb থাকে। Clause প্রধানত তিন প্রকার-

1. Principal Clause.
2. Sub-ordinate clause.
3. Co-ordinate clause.

**Principal Clause:** Principal clause এর অর্থ প্রকাশ করার জন্য অন্য কোন clasue এর উপর নির্ভরশীল থাকে না। অর্থাৎ মূল Sentence টি থেকে আলাদা করে লিখলেও এটি স্বাধীন বাক্য হিসেবে অর্থ প্রকাশ করতে পারে। যেমনঃ **I saw a man** who was wise.

**Subordinate clause:** যে clause “principal clause” এর সাহায্য ছাড়া একাকী অর্থ করতে পারে না, তাকে Sub ordinate clause বলে। Subordinate মানে “অধীন”। যেমনঃ I saw a man **who was wise**.

**Co-ordinate clause:** যখন দুই বা ততোধিক সমশ্রেনীর clause কোন Coording conjunction দ্বারা যুক্ত হয়, তখন তাদেরকে Co-ordinate clause বলে। এক্ষেত্রে clause দুটি স্বাধীন থাকে। যেমনঃ He is poor but he is honest.

**Note-1:** Clause সম্পর্কে ব্যাখ্যাসহ উদাহরণ ও বিস্তারিত আলোচনা “Clause” অংশে দেওয়া আছে।

**Note-2:** Clause এবং phrase এর মধ্যে প্রধান পার্থক্য হচ্ছে - একটি clause এ একটি verb থাকে আর একটি phrase এ কোন verb থাকে না, phrase ও participle, gerund, infinitive ইত্যাদি থাকলেও কোন verb থাকে না, simple sentence এ সাধারণত একটি clause এবং একটি phrase থাকে।

Hafiz Sir.01926265708

| | Simple Sentence | Complex Sentence | Compound Sentence |
|---|---|---|---|
| No | ১ টি Sub ও ১ টি verb | ২ টি Sub ও ২ টি verb | ২ টি Sub ও ২ টি verb (২য় Sub উহ্য থাকবে) |
| 1. | **Sub .......to.........obj**<br>He worked hard **to** prosper in life. | **to এর আগের অংশ + So that + sub + can/could + to এর পরের অংশ**<br>He worked hard **so that he could** prosper in life. | **And**<br>He worked hard **and** could prosper in life. |
| 2. | **Sub + verb + too + adj + to + obj**<br>He is **too** weak **to** walk. | **................+ So ............. that + sub + can/could + not + obj.**<br>He is **so** weak that **he can not** walk. | **....... Very ........and .....**<br>He is **very** weak **and** can not walk. |
| 3. | **By + verb + ing**<br>**By eating** a balance diet, **we** can live well. | **If (affirmative) + Sub + V1 + বাকি অংশ।**<br>**If we** eat a balance **diet**, we can live well. | **If + sub উঠে যায় কমার পবির্তে and বসে।**<br>Eat a balance diet **and** can live well. |
| 4. | **Verb + ing ............. + sub ...**<br>**Going** home, I began to work. | **as/when/since + sub + ing উঠে ২য় clause এর tense অনুযায়ী verb হবে। + obj + ২য় clause.**<br>When **I went** home, I began to work.<br>Note: দুটি Clause এর একই sub এবং মূল verb থাকবে। | **and**<br>I went home **and** began to work. |
| 5. | **without + verb + ing**<br><br>**without working** hard, you can not make it. | **unless/if + sub + do not/does not + বাকি অংশ**<br>**Unless** you work hard, you can not make it.<br>or, **If you do not** work hard, you cannot make. | **unless/if থেকে not পর্যন্ত উঠে যায় + obj + or + 2য় Clause**<br>Work hard **or** you can not make it. |
| 6. | **in/during/at the time of/at the age of**<br>**in/during** summer, it becomes emaciated. | **When + sub + verb + obj + 2nd Clause**<br>**When it** is summer, it becomes emaciated. | **Sub + verb + obj + and + বাকি অংশ।**<br>It is summer **and** becomes emaciated. |
| 7. | **Because of + sub এর possessive form + Being/have + বাকি অংশ + কমা + 2nd Clause)**<br>**Because of** his **being** lazy, he could not prosper.<br>or, **because of** his **having** much money, he can buy a car. | **As/since + sub + being এর স্থলে be verb/having এর স্থলে have, has, had + বাকি অংশ + 2nd Clause.**<br>**As** he **was** lazy, he could not prosper.<br>or as he has much money, he can buy a car.<br>(বিদ্রঃ দুটি Clause এর sub এক থাকবে এবং To be verb থাকবে। | **Sub + sub + obj + and + বাকি অংশ**<br>He was lazy **and** could not prosper.<br>or, He was much money **and** can buy a car |
| 8. | **In spite of /despite + sub এর possessive form + being/Adj এর noun form + বাকি অংশ।**<br>**In spite of/despite** his **being poor/poverty**, he is honest. | **Though/although + sub + verb + adj/noun +কমা + অপর বাক্যটি বসবে।**<br><br>**Though he is** poor, he is honest. | **Though/although উঠে যায় কমার পরিবর্তে but + obj.**<br><br>He is poor **but** honest. |

Hafiz Sir 01926265708

Note: Simple করতেঃ

**⇒ Complex এ have/has/had থাকলেঃ in spite of/despite + sub এর possessive form + have/has/had এর পরিবর্তে having + বাকি অংশ।**

Example:

**Though** he **had** a computer, he could not operate it.
**In spite of** his **having** computer, he could not operate it.

**⇒ Complex এ মূল verb থাকলেঃ in spite of/despite + sub এর possessive form + V + ing + বাকি অংশ।**

Example:

**Though** he **went** there, he did not find him.
**In spite of** his **going** there, he did not find him.

## আরো কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তন

9. Sub + present participle যুক্ত simple sentence কে complex করতে প্রথমে

Sub + who/which/that + tense অনুযায়ী auxiliary verb + present participle যুক্ত verb + বাকি অংশ।

Example:

Students desiring to go abroad are to complete IELTS. = Students who are desiring to go abroad are to complete IELTS.

আবার এটিকেই complex —— simple করতে হলে প্রথমে,

Sub + (who/which/that + auxiliary verb উঠে যায়) + মূল verb এর শেশে ing + বাকি অংশ।

Example:

They boy who is playing in the field is my friend. = The boy playing in the field is my friend.

10. Adjective + noun যুক্ত simple sentence কে complex করতে প্রথমে,

A/The + Adjective এর পরের noun + who/which/that + tense অনুযায়ী auxiliary verb + Adjective + noun এর পর থেকে শেষ পর্যন্ত।

Example:

A meritorious boy can shine in life. = A/The boy who is meritorious can shine in life.

আবার এটিকেই complex ——simple করতে হল প্রথমে,

The এর পরিবর্তে a/an/ + adj + sub + adjective এর পরের অংশ।

Example:

A/The boy who is meritorious can shine in life. = A meririous boy can shine in life.

11. Sub + Verb + adj + noun যুক্ত simple sentence কে complex করতে প্রথমে

Hafiz Sir-01926265708

Sub + verb + noun + noun এর Relative pronoun + tense verb + adjective.

Example:

I saw a wise man. = I saw a man who was wise.

কিন্তু adjective টি Subject কে qualify করলে নিয়মটি হবে

It + tense অনুযায়ী be verb + Sub + Sub এর Relative pronoun + verb + adj.

Example:

Unity is strength. = It is unity which is strength. / He is a good student. = It is he who is a good student.

12. What যুক্ত Complex sentence কে Simple করতে প্রথমে

Sub + verb + (what উঠে যায়) + প্রদত্ত possessive এর পরের noun টি বসে।

Example:

I know what his name is. = I know his name.

Hafiz Sir-01926265708